



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
৮/সি, শেরেবাংলা নগর, আগারগাঁও ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬.৬৬

তারিখ : ১৪ অক্টোবর ২০২৫ খ্রি.

**বিজ্ঞপ্তি**

বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বোর্ডের হিসাব শাখা থেকে বিভিন্ন শিক্ষাক্রমের পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন, প্রশ্নপত্র প্রণয়ন ও পরিশোধন সংক্রান্ত পারিশ্রমিক বিল এবং ভ্রমণ ভাতা বিল প্রত্যুত করে ব্যাংকে প্রেরণের সময়, অনেক শিক্ষক/কর্মকর্তার ব্যাংক হিসাব সংক্রান্ত তথ্যে নানাবিধ গড়মিল পরিলক্ষিত হয়। এর ফলে যথাসময়ে বিল ব্যাংকে প্রেরণ করা হলেও সংশ্লিষ্ট শিক্ষক/কর্মকর্তাগণের অনুকূলে বিল পরিশোধ করা যাচ্ছে না। এছারা ঐ ত্রুটিপূর্ণ বিলগুলো পুনরায় সংশোধন ও প্রেরণের ক্ষেত্রে জটিলতা দেখা দিচ্ছে।

দাখিলকৃত বিলের ত্রুটি/গড়মিলের মধ্যে উল্লেখযোগ্য হলো:

- সোনালী ব্যাংকের হিসাব না থাকা;
- ভুল হিসাব নম্বর;
- প্রদত্ত হিসাব নম্বরের সাথে ব্যক্তির নামের অমিল;
- ছয় মাস বা ততোধিক সময় লেনদেন না থাকায় হিসাব নিষ্ক্রিয়/বন্ধ থাকা;
- ব্যাংকের শাখার নাম ও রাউটিং নম্বর না থাকা;

অতএব, যে কোন পারিশ্রমিক বিল দাখিলের সময় উল্লেখিত ত্রুটি/গড়মিলের যাতে পুনরাবৃত্তি না ঘটে সে জন্য সংশ্লিষ্ট সকলকে আরও যত্নবান ও দায়িত্বশীল হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

(মোঃ আব্দুল মাসুদ করিম)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৪.০২.২১৭.১৬.৬৬

তারিখ : ১৪ অক্টোবর ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান (সকল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
(পরীক্ষার উত্তরপত্র বিতরণের সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৬। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল)  
(পরীক্ষার উত্তরপত্র বিতরণের সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৭। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)  
(পরীক্ষার উত্তরপত্র বিতরণের সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৮। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (শর্ট-কোর্স)  
(পরীক্ষার উত্তরপত্র বিতরণের সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৯। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)  
(প্রশ্নপত্র সেটিং ও মডারেশনের সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ১০। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক (কৃষি ও টেক্সটাইল)  
(পরীক্ষার উত্তরপত্র বিতরণের সময় সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ১১। পিএ টু সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১২। সংরক্ষণ নথি।

(মোঃ আব্দুল হোসেন)

উপপরিচালক (হি. ও নি.)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।